

**AKASHVANI(AIR)**  
**RNU: KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 07-02-2026**

**Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) নির্বাচন কমিশন রাজ্যকে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মীদের সাম্মানিক দ্রুত মেটানোর নির্দেশ দিয়েছে।
- ২) সপ্তদশ বিধানসভার আজ শেষ দিন। বেশ কয়েকটি বিল বিধানসভায় পেশ করা হবে।
- ৩) তৃণমূল কংগ্রেস পরিচালিত রাজ্য সরকার তোষণের রাজনীতি করছে বলে বিজেপির অভিযোগ।
- ৪) ইউজিসি নেট পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।
- ৫) জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল সকাল ৬ টা থেকে ১২ ঘন্টা বিদ্যাসাগর সেতু আরও একদফা বন্ধ থাকবে।
- ৬) ভারতীয় রেল, উত্তর দিনাজপুর জেলায় যাত্রীদের সুবিধার্থে কিছু ট্রেনের স্টপেজ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

---

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মীদের সাম্মানিক দ্রুত মেটানোর নির্দেশ দিল নির্বাচন কমিশন। এ নিয়ে রাজ্যের মুখ্যসচিবকে চিঠি পাঠিয়েছে কমিশন। চিঠিতে কমিশন জানিয়েছে, নির্বাচনী

নিবন্ধন আধিকারিক, সহকারী নির্বাচনী নিবন্ধন আধিকারিক, বুথ লেভেল অফিসার ও সুপারভাইজারদের সাম্মানিক নির্ধারণ সংক্রান্ত আগের নির্দেশিকা অনুযায়ী দ্রুত অর্থ মেটাতে হবে। এর আগে এ বিষয়ে কমিশনের তরফে রাজ্যকে জানানো হলেও এখনও পর্যন্ত বকেয়া মেটানোর কোনও খবর পাওয়া যায়নি বলে উল্লেখ করা হয়েছে।

ফলে পুনরায় নির্দেশ দিয়ে কমিশন জানিয়েছে, সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের বকেয়া সাম্মানিক অবিলম্বে মিটিয়ে দিতে হবে এবং এ ক্ষেত্রে আর কোনও বিলম্ব করা চলবে না। এই বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিককেও চিঠির অনুলিপি পাঠানো হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

---

সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের শেষ দিনে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পেশ করা হচ্ছে। একটি প্রতিবেদন।

### ভয়েসকাস্ট

---

লক্ষ্মীর ভান্ডার এর সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের বার্ষিক্য ভাতার প্রাপকদের ভাতাও একই হারে বাড়ছে। এ ব্যাপারে বিরোধীদের তোলা প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এ কথা জানিয়েছেন। বিধানসভায় গতকাল রাজ্যের অন্তর্বর্তী বাজেট আলোচনা শেষে জবাবী ভাষণে তিনি বলেন, লক্ষ্মীর ভাণ্ডারের উপভোক্তারা এখন সরাসরি বার্ষিক্য ভাতার আওতায় চলে যান। ফলে লক্ষ্মীর ভান্ডার এর ভাতা বাড়লে যাঁরা বার্ষিক্য ভাতার আওতায় চলে যাচ্ছেন, তাঁদের ক্ষেত্রেও স্বয়ংক্রিয়ভাবে একই হারে বৃদ্ধি কার্যকর হবে। বিধবা ভাতা ও লক্ষ্মীর ভাণ্ডারের মধ্যে সরাসরি সম্পর্ক নেই বলেও স্পষ্ট করেন তিনি।

আলোচনার মধ্যেই বিরোধী দলনেতা বিধায়কদের এলাকা উন্নয়ন তহবিল ১ কোটি থেকে বাড়িয়ে ২ কোটি টাকা করার প্রস্তাব রাখেন। প্রাক্তন বিধায়কদের পেনশন বৃদ্ধির দাবিও জানান তিনি। বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী রাজ্য বাজেটকে কটাক্ষ করেন। তাঁর বক্তব্য চলাকালীন তৃণমূল বিধায়ক উদয়ন গুহ মন্তব্য করলে দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয়।

---

রাজ্যের অন্তর্বর্তী বাজেটে তাদের বঞ্চনা করা হয়েছে, এই অভিযোগ তুলে গতকাল স্বাস্থ্য ভবনে ডেপুটেশন দিয়েছেন আশা কর্মীরা। এই বিক্ষোভকে কেন্দ্র করে স্বাস্থ্য ভবন চত্বরে উত্তেজনা তৈরি হয়। পুলিশ মিছিল আটকে দেওয়ায় বিক্ষোভ দেখান আশা কর্মীরা। তাঁরা, ন্যূনতম বেতন ১৫ হাজার টাকা, বকেয়া ইনসেন্টিভ দ্রুত মেটানো সহ অন্যান্য দাবি-দাওয়া পেশ করেছেন সরকারের কাছে। তবে মাতৃত্বকালীন ছুটি ও কর্মরত অবস্থায় মারা গেলে পরিবারকে পাঁচ লাখ টাকা দেওয়ার যে ঘোষণা রাজ্য সরকার করেছে, তাকে স্বাগত জানিয়েছেন আশা কর্মীরা।

---

তৃণমূল কংগ্রেস পরিচালিত পশ্চিমবঙ্গ সরকার রাজ্যে তোষণের রাজনীতি করছে বলে বিজেপি অভিযোগ করেছে। নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের মুখপাত্র ডক্টর সুধাংশু ত্রিবেদী বলেন, পশ্চিমবঙ্গ সরকারের অন্তর্বর্তী বাজেটে তোষণ ও পক্ষপাতিত্বের প্রতিফলন ঘটেছে।

সংখ্যালঘু উন্নয়ন এবং মাদ্রাসাখাতে বরাদ্দ করা হয়েছে, ৫ হাজার ৭-শো কোটি টাকা। যেখানে শিল্প ও বাণিজ্যের জন্য মাত্র ১ হাজার ৪-শো কোটি টাকার বরাদ্দ করেছে রাজ্য সরকার।

-----

রাজ্য বাজেটের উপর বিতর্কে সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষার বরাদ্দ নিয়ে তীব্র রাজনৈতিক সংঘাতে আজ বিধানসভা অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল-এর বক্তব্যকে ঘিরে মুহূর্তের মধ্যে শুরু হয় শাসক ও বিরোধী শিবিরের তীব্র বাকবিতণ্ডা।

-----

রাজ্য সরকারের অন্তর্বর্তীকালীন বাজেটে বেকার যুবকদের সঙ্গে শতাব্দীর সবচেয়ে বড় মিথ্যাচার করা হয়েছে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, এই অন্তর্বর্তীকালীন বাজেট বা ভোট অন অ্যাকাউন্টে বেকার যুবক যুবতীদের আগস্ট মাস থেকে ভাতা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তবে মেয়াদ উত্তীর্ণ বাজেটে সেই প্রতিশ্রুতি কোনভাবেই কার্যকর করা সম্ভব নয়। বিরোধী দলনেতা জানান, ২০১১সালে রাজ্যে ৫১টি কর্ম বিনিয়োগ কেন্দ্র এবং সেখানে প্রায় এক কোটি বেকারের নাম নথিভুক্ত ছিল। ২০১৩সালে মুখ্যমন্ত্রী এই কর্ম বিনিয়োগ কেন্দ্র গুলি বন্ধ করে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করেন। পরে যুবশ্রী প্রকল্পে ৭লক্ষ বেকারের নাম নথিভুক্ত করা হলেও এই কর্মসূচিতে রাজ্য সরকার অর্থ বরাদ্দ বন্ধ করে দেয়। এবারও নির্বাচনের আগে যুব সাথী প্রকল্পের ঘোষণা করে বেকারদের সঙ্গে প্রতারণা করা হয়েছে বলে শ্রী অধিকারীর আরও অভিযোগ।

বাইট শুভেন্দু

-----

পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়ন, রাজ্য সরকারের অন্তর্বর্তী বাজেটে আশাকর্মীদের জন্য মাত্র এক হাজার টাকা ভাতা বৃদ্ধির প্রতিবাদে গতকাল শিলিগুড়িতে একটি বিক্ষোভ মিছিল করে। মিছিলে অংশগ্রহণকারীদের দাবি, সীমিত পারিশ্রমিকে কাজ করেও প্রাপ্য সম্মান ও ন্যায্য মজুরী থেকে তারা বঞ্চিত হচ্ছেন। রাজ্য সরকারের ঘোষিত ন্যূনতম মাসিক ১৫ হাজার টাকা বেতন অবিলম্বে কার্যকর করা, পিএলআই ডট সহ বিভিন্ন খাতে বকেয়া টাকা দ্রুত মেটানোর দাবিও জানান তারা।

---

ইউজিসি নেট পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। জুনিয়র রিসার্চ ফেলো এবং সহকারী অধ্যাপক পদের জন্য ৫১০৮ জন পাস করেছেন। সহকারী অধ্যাপক ও পিএইচডিতে ভর্তির জন্য উত্তীর্ণ হয়েছেন ৫৪ হাজার ৭১৩ জন। শুধুমাত্র পিএইচডির জন্য উত্তীর্ণ হয়েছেন ১ লাখ ১৭ হাজার ৫৮ জন। ৭ লাখ ৩৫ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিলেন। [ugcnet.nta.nic.in](http://ugcnet.nta.nic.in) ওয়েবসাইটে ফলাফল দেখতে পারবেন পরীক্ষার্থীরা।

---

প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে, প্রাথমিক স্কুলে ভিন্নভাবে সক্ষমদের জন্য স্পেশ্যাল এডুকেটর নিয়োগের পরীক্ষা হবে আগামী ২২ ফেব্রুয়ারি। ২৩০৮ টি শূন্যপদের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ৩১৩১ জন। দুপুর ১২টা থেকে আড়াইটে পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে। উল্লেখ্য, এই পরীক্ষার আবেদনকারীদের আরসিআই অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ডিএলএড স্পেশাল কোর্স পাস করা বাধ্যতামূলক। সেই সঙ্গে পড়ানোর জন্য ছ'মাসের প্রশিক্ষণও থাকতে হবে।

---

যাত্রীদের নিরাপত্তায় জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল সকাল ছয়টা থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে আজ কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময়ে এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

---

উত্তর দিনাজপুর জেলায় যাত্রীদের সুবিধার্থে ভারতীয় রেল কিছু ট্রেনের স্টপেজ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। নিউ জলপাইগুড়ি - মালদা টাউন এক্সপ্রেস পাঞ্জিপাড়া স্টেশনে, শিলিগুড়ি জংশন - বালুরঘাট ইন্টারসিটি এক্সপ্রেস কানকিতে এবং হাওড়া রাধিকাপুর - কুলিক এক্সপ্রেসে বাঙ্গালবাড়ি স্টেশনে থামবে। এর ফলে জেলায় ব্যবসা বাণিজ্য ও শিক্ষা ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে। স্থানীয় সাংসাদ কার্তিক পালের উদ্যোগের ফলেই সংশ্লিষ্ট ট্রেনগুলি ঐ স্টেশনে দাঁড়াবে।

---

ক্যানসার রোগীদের চিকিৎসায় রাজ্য সরকার চলতি বছর থেকেই ক্যানসার হাব চালু করতে চলেছে। এস এস কে এম হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল ক্যানসার হাবের চেয়ারম্যান ডাঃ অলোক ঘোষ দস্তিদার জানিয়েছেন এপ্রিল মাস থেকেই রাজারহাটে ১০ তলা এই হাবে ও পি ডি বিভাগ চালু হতে চলেছে। পূর্ব ভারতে এই প্রথম কোন সরকারি চিকিৎসা কেন্দ্রে বর্যাকিথেরাপি মেশিন বসানো হচ্ছে বলে তিনি জানান। এই ওপিডি তে সার্জিক্যাল অঙ্কোলজি, মেডিক্যাল অঙ্কোলজি, রেডিওথেরাপির চিকিৎসা করা হবে।

-----

ধর্মণের অভিযোগে গ্রেপ্তার হওয়া ইউটিউবার শমীক অধিকারীকে আলিপুর আদালত গতকাল ১৬ ই ফেব্রুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে। এক মহিলার অভিযোগের ভিত্তিতে পুলিশ শমীক অধিকারীকে বৃহস্পতিবার রাতে নাগেরবাজার থেকে গ্রেপ্তার করে। ঘটনার তদন্ত চলছে।

-----

পুরুলিয়ায় স্ত্রীকে খুনের অভিযোগে ধৃত এক ব্যক্তিকে আদালত তিনদিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। জেলার কেন্দা থানার নুনচাতরা গ্রামে গায়েত্রী শবর নামে এক মহিলার মৃতদেহ উদ্ধার করে পুলিশ। মৃতার ভাইয়ের অভিযোগ, তাঁর জামাইবাবু দিদির ওপর অত্যাচার চালাতো। তার অভিযোগের ভিত্তিতেই পুলিশ গায়েত্রীর স্বামীকে গ্রেপ্তার করে।

-----

তাপমাত্রার পারদ কিছুটা কমায় সারা রাজ্যেই শীতের আমেজ। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা অনেকটা কম। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে ২ দশমিক ৫ ডিগ্রি কম। সকালের দিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি কুয়াশা এবং দক্ষিণবঙ্গে জেলাগুলিতে হালকা কুয়াশার পূর্বাভাস রয়েছে। আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-----

কল্যাণীতে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের প্রথম দিনে গতকাল বাংলার বিরুদ্ধে অন্ধ্র প্রদেশ প্রথম ইনিংসে ছয় উইকেটে ২৬৪ রান করেছে। টসে জিতে বাংলা, অন্ধ্র প্রদেশকে ব্যাট করতে পাঠায়। অধিনায়ক রিকি ভুঁই ৮৩, শ্রীকর ভরত ৪৭, সাইক রশিদ ৪৬ রান করেছেন। বাংলার মুকেশ কুমার তিনটি, আকাশ দীপ দুটি, মহম্মদ শামি একটি উইকেট নিয়েছেন।

ওড়িশার বরগড় এ,কর্নেল সি কে নাইডু ট্রফি ক্রিকেটের গতকাল প্রথম দিনে ওড়িশার বিরুদ্ধে বাংলা ছয় উইকেটে ৩০১ রান করেছে। আয়ুষ সিং ১০৭ , আনাস ৬৮, বিশাল ভাটি ৪৪ রান করেছেন।

---